সংবাদ

তারিখ ... 10 MAY 2008 ...
পৃষ্ঠা ৬ কলাম ৭ ....

ঢাকা : শনিবার ২৭ বৈশাখ ১৪১৫
Dhaka : Saturday 10 May 2008

সম্পাদকীয়

# প্রাথমিক শিক্ষা ক্যাডার!

আমাদের এক সহযোগী দৈনিকের খবরে প্রকাশ, দেশের ৮৩ হাজার সরকারি ও বেসরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত তিন লক্ষাধিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর কাজের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য বিসিএস প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠন করা হচ্ছে। সরকারি প্রায় ১১ লাখ কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ৮ লাখের জন্য ২৯টি ক্যাডার বিদ্যমান থাকলেও প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে ক্যাডার না থাকায় সরকার নাকি এ উদ্যোগ নিয়েছে। বিসিএস প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠনের সারসংক্ষেপ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রধান উপদেষ্টার কার্যালয়ে পাঠানো হয়েছে। উপদেষ্টা পরিষদের আগামী বৈঠকে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে আশা করা হচ্ছে।

প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা রাশেদা কে. চৌধুরী এ বিষয়ে বলেছেন, দীর্ঘদিন থেকেই প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠনের প্রক্রিয়া চলছে। বর্তমানে এটি নাকি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। প্রাথমিক শিক্ষা সম্পর্কিত সমস্যা চিহ্নিত করার জন্য ১৯৯২ সালে গঠিত টাস্কফোর্স প্রাথমিক শিক্ষার জন্য একটি পৃথক ক্যাডার গঠনের সুপারিশ করে। তৎকালীন প্রধানমন্ত্রী অনুমোদিত ২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত জাতীয় পরিকল্পনাতেও বিসিএস (প্রাথমিক শিক্ষা) ক্যাডার গঠনের সুপারিশ করা হয়। এছাড়া প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২ বাস্তবায়নের জন্য উন্নয়ন সহযোগীদের সঙ্গে সই করা চুক্তিতে ২০০৫ সালের ডিসেম্বরের মধ্যে এ ক্যাডার গঠনের প্রতিশ্রুতি দেয়া হয়। কিন্তু তারপর আড়াই বছর কেটে গেলেও প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠন করা হয়নি।

বিভিন্ন সমীক্ষা থেকে জানা যায়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন জনবল সরকারের সব মন্ত্রণালয়ের মধ্যে সর্বোচ্চ এবং দেশের তৃণমূল পর্যায়ে বিস্তৃত। এ জনবলকে অধিকতর গতিশীলতা, দক্ষতা ও নিবিড়ভাবে পরিচালনার জন্য প্রয়োজন উচ্চ শিক্ষায় শিক্ষিত, প্রতিশ্রুতিশীল, উদ্যমী ও প্রাথমিক শিক্ষার বিষয়ে অভিজ্ঞ ও স্থায়ী ক্যাডার কর্মকর্তা। প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠনের যুক্তি হিসেবে বলা হচ্ছে, যুগের বিবর্তনে পরিবর্তনশীল পরিস্থিতিতে এবং নতুন প্রযুক্তি বিকাশের ফলে প্রাথমিক শিক্ষা সমগ্র বিশ্বে সাম্প্রতিককালে একটি টেকনিক্যাল বিষয় হিসেবে আত্মপ্রকাশ করেছে। অভিমত প্রকাশ করা হচ্ছে, প্রাথমিক শিক্ষাক্ষেত্রে একটি পৃথক ক্যাডার সৃষ্টি প্রাথমিক শিক্ষার পরিমাণগত ও গুণগত লক্ষ্যমাত্রা অর্জন করবে। বাস্তবে কি তা হবে?

প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টির যে ছকের প্রস্তাব করা হয়েছে, তা প্রধানত 'এডুকেশনাল এডমিনেস্ট্রেশনের' কর্মকর্তাদের জন্য। বর্তমানে মহা দুর্নীতিগ্রস্ত শিক্ষা খাতের কর্মকর্তাদের মধ্যে আরেকটি ক্যাডার সৃষ্টি করলে কি দেশের প্রাথমিক শিক্ষার কোন উন্নতি হবে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এখন স্বতন্ত্র ও পূর্ণাঙ্গ মন্ত্রণালয়। দেশের শিক্ষা খাতে জাতীয় বাজেটে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয় বলে দাবি করা হয় এবং তার মধ্যে প্রাথমিক শিক্ষা সর্বোচ্চ অগ্রাধিকার পেয়ে থাকে। কিন্তু বাস্তবে খাতটি বহুদিন থেকে সবচেয়ে বেশি অবহেলিত। বর্তমানে যেসব শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষার দায়িত্বে আছেন, প্রাথমিক শিক্ষার বাস্তব অভিজ্ঞতা তাদের সামান্যই। বর্তমানে উচ্চ ডিগ্রি নিয়ে উপজেলা/থানা শিক্ষা অফিসার ও পিটিআইয়ের ইন্সট্রাক্টর পদে যারা আছেন তাদের মধ্যে কতজন প্রাথমিক বিদ্যালয় চালিয়েছেন অথবা প্রাথমিক বিদ্যালয়ে পড়িয়েছেন তা বলা কঠিন। এদের সবারই প্রাথমিক বিদ্যালয়ের পুঁথিগত জ্ঞান থাকতে পারে। কিন্তু বাস্তব অভিজ্ঞতা ছাড়া প্রাথমিক বিদ্যালয়গুলোর ওপর খবরদারি করতে গেলে ভালর চেয়ে মন্দ ফলের সম্ভাবনাই বেশি। দেশের প্রাথমিক শিক্ষার প্রধান সঙ্কট শিক্ষার অবকাঠামো এবং শিক্ষক সঙ্কট। এসব সমাধানের জন্য প্রাথমিক শিক্ষা ক্যাডার কতটা অবদান রাখতে পারবে বলা কঠিন। বরং প্রাথমিক শিক্ষা খাতে আলাদা শিক্ষক ক্যাডার গঠন করে প্রতিভাবান ও উদ্যোগীদের আকৃষ্ট করে প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান ও সহকারী শিক্ষকের পদ পূরণের উদ্যোগ নিলে প্রাথমিক শিক্ষার 'উন্নয়ন' হবে। এ দিকটাতেই অগ্রাধিকার দেয়া উচিত।